



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd



নং- ০৭.০৩.০০০০.০০২.১৭.০০১.২২-১২৯৪

তারিখ : ০৩/১১/২০২২খ্রি.

বিজ্ঞপ্তি

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের ০২/১১/২০২২খ্রি. তারিখের স্মারক নং- ০৭.০৩.০০০০.০০২.১৭.০০১.২২-১২৮১ এর মাধ্যমে "কম্পিউটার মুদ্রাক্ষরিক" পদে সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের নিয়োগপত্র ডাকযোগে স্থায়ী ঠিকানা বরাবর প্রেরণ করা হয়েছে। সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীগণকে আগামী ০৭/১১/২০২২খ্রি. তারিখ হতে ১৭/১১/২০২২খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে যোগদান সংক্রান্ত তথ্যাদি ও নির্দেশনা অনুসরণপূর্বক হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের প্রশাসন-২ শাখায় যোগদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্দিষ্ট সময়ের মধ্যে যোগদানের নিমিত্ত নিয়োগপত্রের ডুপ্লিকেট কপি হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় থেকেও সংগ্রহ করা যাবে।

Mona ০৬/১১/২২

(মানিক হোসেন)

উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-২)

ফোন : ২২২২২০৫৪৯

বরাবর

হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

পাসপোর্ট সাইজের
সত্যায়িত রপিন ছবি
০২ কপি

বিষয় : সিজিএ কার্যালয়ের "কম্পিউটার মুদ্রাক্ষরিক" পদে যোগদানের জন্য আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আপনার কার্যালয়ের হতে ০৬/১১/২০২২খ্রি. তারিখে জারীকৃত নিয়োগপত্র নং- ০৭.০৩.০০০০.০০২.১৭.০০১.২২-
..... এর পরিপ্রেক্ষিতে আমি নিম্নস্বাক্ষরকারী অদ্য/১১/২০২২খ্রি. তারিখ পূর্বাহ্ন/অপরাহ্ন আপনার কার্যালয়ে "কম্পিউটার মুদ্রাক্ষরিক" পদে
যোগদান করলাম। আমার যোগদান পত্র গ্রহণের জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি।

আমার বিস্তারিত তথ্যাদি নিম্নরূপ :

০১. রোল নম্বর :
০২. নাম :
০৩. পিতা/স্বামীর (বিবাহিত মহিলাদের ক্ষেত্রে) নাম :
০৪. মাতার নাম :
০৫. বর্তমান যোগাযোগের ঠিকানা :
০৬. স্থায়ী ঠিকানা :
০৭. নিজ জেলা :
০৮. জন্ম তারিখ :/...../..... খ্রি.
০৯. অদ্য/...../২০২২ খ্রি. তারিখে বয়স :বছর.....মাস.....দিন
১০. কোন বিশেষ কোটায় আবেদন করে থাকলে কোটার নাম :
(শুধুমাত্র সর্বোচ্চ বয়সসীমার সুবিধা গ্রহণের ক্ষেত্রে)
১১. শিক্ষাগত যোগ্যতার বিবরণ (সর্বশেষ অর্জিত ডিগ্রীর নাম প্রথমে লিখতে হবে) :

ক্রম	পরীক্ষার নাম	বিভাগ/শ্রেণি/শ্রেণি	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	মন্তব্য
(ক)					
(খ)					
(গ)					
(ঘ)					
(ঙ)					

১২. অন্যান্য যোগ্যতা/অভিজ্ঞতা (যদি থাকে) :

১৩. জাতীয় পরিচয় পত্র নম্বর :

সংযুক্তি সমূহের বিবরণ :

- (০১) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূলকপি।
- (০২) অঙ্গীকারপত্র।
- (০৩) ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ের গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র।
- (০৪) নিজ ব্যবস্থাস্থানে সিভিল সার্জন/সরকারি স্বাস্থ্যকেন্দ্র কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে মেডিকেল সার্টিফিকেট।
- (০৫) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষ তৎকর্তৃক মনোনীত মেডিকেল অফিসার কর্তৃক
প্রার্থী মাদকাসক্ত কিনা তা পরীক্ষা সংক্রান্ত (ডোপ টেস্ট) সনদ।
- (০৬) যৌতুক সংক্রান্ত ঘোষণাপত্র।
- (০৭) নিয়োগপত্র ও জাতীয় পরিচয়পত্রের মূলকপি।

স্বাক্ষর ও তারিখ :

নাম :

বি: দ্র: যোগদানপত্রের নমুনা ফরমটি প্রার্থী কর্তৃক স্বহস্তে লিখতে হবে।

অঞ্জীকার পত্র

আমি জানি সরকারের অধীন আমার নিয়োগ অস্থায়ী এবং কোন রকম কারণ দর্শানো ব্যতিরেকে ন্যূনপক্ষে ১৪(চৌদ্দ) দিনের নোটিশে যে কোন সময় আমার চাকরি বাতিল হয়ে যেতে পারে। আমি সম্মত আছি যে, যদি আমি আমার নিয়োগকৃত পদ হতে পদত্যাগ করতে চাই, তাহলে ন্যূনপক্ষে ১৪(চৌদ্দ) দিনের লিখিত নোটিশ দিতে বাধ্য থাকব অথবা তা দিতে ব্যর্থ হলে তদপরিবর্তে অনধিক ১৪(চৌদ্দ) দিনের বেতন যা নিয়োগকারী কর্তৃপক্ষ ধার্য করবেন তা সরকারের নিকট জমা দিতে বাধ্য থাকব। আমি আরও অবগত আছি যে, যদি আমি ধার্যকৃত নোটিশ ব্যতিরেকে অথবা উক্ত নোটিশের মেয়াদ অতিক্রান্ত হওয়ার পূর্বে আমি আমার কর্তব্য পালন হতে অনুপস্থিত থাকি, তাহলে আমি অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হবো এবং তজ্জন্য সরকারের অধীনে চাকরি পাওয়ার জন্য অযোগ্য হিসেবে ঘোষিত হবো।

প্রার্থীর স্বাক্ষর (নামসহ):.....

স্থানঃ.....

তারিখঃ.....



চারিত্রিক সনদপত্র

প্রত্যায়ন করা যাচ্ছে যে, জনাবপিতা/স্বামী জনাব

.....গ্রামঃ.....

ডাকঘরঃ..... উপজেলাঃ

জেলাঃ..... বিগতবৎসর যাবৎ আমার পরিচিত।

আমার জানামতে তিনি সৎ ও উন্নত চরিত্রের অধিকারী এবং তাঁর অতীত জীবনের এমন কোন দোষ ত্রুটি নেই যাতে তিনি সরকারি চাকরি প্রাপ্তির ক্ষেত্রে অনুপযুক্ত হতে পারেন।

জনাবআমার আত্মীয় সূত্রে পরিচিত
নহেন।

১ম শ্রেণীর সরকারি গেজেটেড

তারিখঃ কর্মকর্তার স্বাক্ষর (নামসহ):.....

পদবী:.....

কর্মরত কার্যালয়ের ঠিকানা:.....

✓

ঘোষণা পত্র

আমি নিম্নস্বাক্ষরকারী অঙ্গীকার করিতেছি যে, নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য যৌতুক দেব না এবং নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য যৌতুক নেব না।

২